- গ. A যৌগ থেকে ডাই অল প্রস্তুত করা সম্ভব কি-না ব্যাখ্যা কর। ৩
- ঘ. A যৌগটি অপ্রতিসম বিকারকের সাথে বিক্রিয়ায় যা উৎপন্ন করে তা পার অক্সাইডের উপস্থিতিতে ভিন্ন-যৌক্তিক বিশ্লেষণ কর। ৪
- ৩ } (i) B একটি পলিমার। যার একটি মনোমার ডাইঅয়িক এসিড। (ii) C একটি যৌগ যা স্পিরিট ল্যাম্পের জ্বালানি হিসেবেও ব্যবহৃত হয়।
- ক. আংশিক পাতন কাকে বলে? ১
- খ. সাইক্লোহেক্সেন অ্যারোমেটিক যৌগ নয় ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের B যৌগটির প্রস্তুতি সমীকরণসহ লিখ। ৩
- ঘ. স্টার্চ থেকে C যৌগের প্রস্তুত সম্ভব কিনা, সম্ভব হলে সমীকরণসহ ধাপে ধাপে প্রস্তুতি দেখাও। ৪
- ৪ } (i) 'A' একটি যৌগ। উদ্ভিদকূলে এই যৌগটি নাইট্রোজেন এর উৎস হিসেবে কাজ করে। (ii) 'B' এমন একটি উপাদান যার অক্সাইড এসিড বৃষ্টির জন্য দায়ী এবং শিল্প কারখানায় এই এসিডের ব্যাপক ব্যবহার রয়েছে। পরীক্ষাগারে 'B' এর গলনাক্ষ করতে গিয়ে দেখা গেল $112^\circ C$ ।
- ক. গলন কাকে বলে? ১
- খ. তাপ বাড়ালে গ্যাসের চাপ বাড়ে কেন? ২
- গ. উদ্দীপকের 'A' যৌগটির গলনাক্ষ নির্ণয়ের মাধ্যমে শনাক্ত কর। ৩
- ঘ. উদ্দীপকের 'B' উপাদান বিশুদ্ধ কিনা পরীক্ষণসহ ব্যাখ্যা কর। ৪
- ৫ } (1) অরবিট (2) অরবিটাল
- ক. p অরবিটালগুলো লিখ। ১
- খ. Zn অবস্থান্তর মৌল নয়— ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের (১) নং স্ফের M শেলের ব্যাসার্ধ $3.6 \times 10^{-8} cm$ হলে ইলেকট্রন কত বেগে ঘুরবে? ৩
- ঘ. উদ্দীপকের (১)নং ও (২) নং এর মধ্যে তুলনামূলক আলোচনা কর। ৪
- ৬ } P, Q, R তিনটি প্রতীকী মৌল যাদের ক্ষেত্রে যথাক্রমে উল্লিখিত উক্তিটি সত্য— K অরবিটালে ২টি, L অরবিটালে ৬টি এবং M অরবিটালের ৬টি ইলেকট্রন বিদ্যমান। এবং এদের অবস্থান যথাক্রমে ৩য় পর্যায়, ২য় পর্যায় ও ৩য় পর্যায়।
- ক. অধঃক্ষেপণ বিক্রিয়া কাকে বলে? ১
- খ. ইথানল একটি পোলার যৌগ ব্যাখ্যা কর। ২
- গ. R ও Q দিয়ে গঠিত এমন একটি যৌগের বন্ধন গঠন ব্যাখ্যা কর যেখানে R এর সর্বোচ্চ যোজনী প্রদর্শিত হয়। ৩
- ঘ. P ও R দিয়ে গঠিত যৌগ এবং ৬ পারমাণবিক সংখ্যাবিশিষ্ট মৌলের সাথে Q এর গঠিত যৌগ পানিতে দ্রবণীয় কিনা? বিশ্লেষণ কর। ৪
- ৭ } (i) 650 mL আয়তন, পটাশিয়াম ক্রোমেট। (ii) একটি যৌগের মধ্যে C = 82.75% ও অবশিষ্ট H বিদ্যমান। যৌগটির আণবিক ভর 58। যৌগটির 50 g নমুনাকে 150 g O_2 এ দহন করা যায়।
- ক. পটাশিয়াম বাই ফসফেট এর সংকেত লিখ। ১
- খ. ডাই অ্যামিন সিলভার (ii) ক্লোরাইডের কেন্দ্রীয় মৌল সিলভারের জারণ সংখ্যা নির্ণয় কর। ২
- গ. উদ্দীপক (i) অনসারে যৌগটির সেন্টিমোলার দ্রবণ পরীক্ষাগারে কিভাবে প্রস্তুত করবে বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপক (ii) এর যৌগটির দহনে উৎপন্ন CO_2 এর আয়তন প্রমাণ তাপমাত্রা ও চাপে কত হবে গাণিতিক ব্যাখ্যা দাও। ৪
- ৮ } (i) $NaOH(aq) + HCl(aq) \rightarrow NaCl(aq) + H_2O(l)$ (ii) $Pb(NO_3)_2 \rightarrow heat \rightarrow$ (iii) $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g); \Delta H = -92 kJ$
- ক. পুনর্নির্ন্যাস বিক্রিয়া কাকে বলে? ১
- খ. যোজনী ও জারণ সংখ্যা একই নয় ব্যাখ্যা কর। ২
- গ. (i) ও (ii) নং বিক্রিয়ার মধ্যে কোনটি রেডক্স বিক্রিয়া? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের কোন বিক্রিয়ায় লা-শাতেলিয়ার নীতি প্রযোজ্য? বিশ্লেষণ কর। ৪

ডাঃ খাস্তগীর বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম

বিষয় কোড : 137

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ }




- ক. গলনাঙ্ক কী? ১
- খ. কণার গতিতত্ত্ব বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
- গ. পাত্রের মিশ্রণের উপাদানদ্বয়কে কীভাবে পৃথক করা যাবে? বর্ণনা কর। ৩
- ঘ. উপাদান দুইটিকে পৃথকভাবে তাপ প্রদান করলে কি একই ধরনের লেখচিত্র পাওয়া যাবে? আলোচনা কর। ৪

২ } ^{60}Co , ^{32}P , ^{131}I এই পরমাণুগুলোর কিছু অনন্য বৈশিষ্ট্য রয়েছে

যার ব্যবহার আমাদের জন্য গুরুত্বপূর্ণ।

- ক. গাইগার মুলার কাউন্টার কী? ১
- খ. ^{42}Mo এর e বিন্যাস ব্যতিক্রমধর্মী— ব্যাখ্যা কর। ২
- গ. ৩য় মৌলটির 1টি অণুর ভর নির্ণয় কর। ৩
- ঘ. চিকিৎসাক্ষেত্রে প্রদত্ত মৌলগুলো আমাদের জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ কেন? আলোচনা কর। ৪

৩ }



- ক. আধুনিক রসায়নের জনক কে? ১
- খ. প্রাকৃতিক বিজ্ঞান বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকের কোন চিত্রটি Ra-এর জন্য প্রযোজ্য? ব্যাখ্যা কর। ৩
- ঘ. i ও iv নং চিত্রধারী পদার্থগুলো ব্যবহারের ক্ষেত্রে কোন ধরনের সাবধানতা অবলম্বন করতে হয়? আলোচনা কর। ৪

৪ }

| | | | | |
|----|---|--|---|----|
| Li | A | | G | |
| | D | | M | Cl |
| E | | | | |

A, D, E, G M প্রতিলিত অর্থ বহন করে না।

- ক. পর্যায়বৃত্ত ধর্ম কী? ১
- খ. ল্যাঙ্চনাইড সারির অবস্থান মূল পর্যায় সারণির নিচে আলাদাভাবে কেন? ব্যাখ্যা কর। ২


গ. A, D, E কে আকারের উর্ধ্বক্রমানুসারে সাজাও। ৩

ঘ. A অপেক্ষা D অধিক সক্রিয় হলেও G অপেক্ষা M কম সক্রিয় কেন? আলোচনা কর। ৪

৫ } ^6X , ^7Y , ^8Z তিনটি ভিন্ন মৌল পরস্পরের সাথে বিভিন্নভাবে যুক্ত হয়।

- ক. পোলার যৌগ কী? ১
- খ. ধাতুসমূহ তাপ-পরিবাহী হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. Y_2 অণুটি কীভাবে তৈরি হয় চিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৩
- ঘ. X ও Z পরস্পর একাধিকভাবে যৌগ গঠন করে—সপক্ষে যৌক্তিক আলোচনা কর। ৪


৬ }



- ক. অ্যানালার গ্রেডের পদার্থ কী? ১
- খ. যৌগের শতকরা সংযুতি বলতে কী বুঝ? ২
- গ. (i) নং পাত্রের দ্রবের মোল সংখ্যা নির্ণয় কর। ৩
- ঘ. পাত্রদ্বয়ের দ্রবণ মিশ্রিত করলে কত লিটার গ্যাসীয় উৎপাদ পাওয়া যাবে? আলোচনা কর। ৪

৭ } $\text{SO}_2(\text{g}) + \text{O}_2(\text{g}) \rightarrow \text{SO}_3(\text{g}) + \text{তাপ}$

- ক. পানি-যোজন বিক্রিয়া কী? ১
- খ. অধঃক্ষেপণ বিক্রিয়া বলতে কি বুঝ? ২
- গ. উদ্দীপকের বিক্রিয়াটির জারণ-বিজারণ ব্যাখ্যা কর। ৩
- ঘ. বিক্রিয়াটির সাম্যাবস্থায় তাপমাত্রা ও প চাপরিবর্তনের প্রভাব আলোচনা কর। ৪



- ক. ডেরালিন কী? ১
- খ. বেনজিনকে অ্যারোমেটিক যৌগ বলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. X যৌগটি সপ্তক নাকি অসপ্তক— একটি পরীক্ষণের মাধ্যমে দেখাও। ৩
- ঘ. উদ্দীপকের উৎপাদ হতে কীভাবে পলিমার যৌগ উৎপাদন সম্ভব? আলোচনা কর। ৪

সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়

বিষয় কোড : 137

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ } (i) $X_n Y_{2n+2}$ (ii) $X_n Y_{2n+1} CHO$ (iii) $X_n Y_{2n+1} COOH$

ক. ফরমালিন কী? ১

খ. C_6H_6 কে অ্যারোমেটিক হাইড্রোকার্বন বলা হয় কেন? ২

গ. উদ্দীপকের ii নং যৌগটির প্রস্তুত সমীকরণসহ বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের iii নং যৌগ হতে কিভাবে i নং যৌগটি প্রস্তুত করা যায় তা বিশ্লেষণ কর। ৪

২ } (i) $CO_2 + 4H \xrightarrow[250^\circ C]{Ni} X + 2H_2O$ (ii) $CH_3CH_2Cl + NaOH \rightarrow Y + NaCl + H_2O$

ক. PVC এর মনোমার কী? ১

খ. বিউটেনের নিঃসরণ হার প্রোপেনের তুলনায় কম হয় কেন? ২

গ. উদ্দীপকের X যৌগ হতে CCl_4 এর প্রস্তুতপ্রণালী ধাপে ধাপে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের Y যৌগটি ব্রোমিন পানির দ্রবণকে বর্ণহীন করে কিনা তা বিশ্লেষণ কর। ৪

৩ } (i) $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3, \Delta = -92 \text{ kJ/mol}$ (ii) $N_2(g) + O_2(g) \rightleftharpoons 2NO, \Delta = 180 \text{ kJ/mol}$

ক. Redox বিক্রিয়া কী? ১

খ. যোজনী ও জারণ সংখ্যা এক নয় কেন? ২

গ. উদ্দীপকের i নং বিক্রিয়ায় 98 gm উৎপাদ প্রস্তুতির জন্য কত gm নাইট্রোজেন গ্যাসের প্রয়োজন হবে তা নির্ণয় কর। ৩

ঘ. সাম্যাবস্থায় ii নং বিক্রিয়াটির উপর তাপ ওচাপের প্রভাব বিশ্লেষণ কর। ৪

৪ } (i) $2FeCl_2 + Cl_2 \rightarrow 2FeCl_3$ (ii) $Zn + H_2SO_4 \rightarrow ZnSO_4 + H_2$


ক. মুক্ত মৌলের জারণ সংখ্যা কত? ১

খ. সমাণুকরণ বিক্রিয়া বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ii নং বিক্রিয়াটি কী ধরনের বিক্রিয়া এবং উক্ত বিক্রিয়ায় উৎপাদ যৌগে S এর জারণ সংখ্যা কত তা নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের i নং বিক্রিয়ায় জারণ-বিজারণ এক সাথে সংঘটিত হয়েছে। তা বিশ্লেষণ কর। ৪

৫ } নিম্নে চিত্রের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. দর্শক আয়ন কী? ১

খ. পানির স্থূল সংকেত এবং আণবিক সংকেত একই কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের যৌগদ্বয় হতে উৎপন্ন লবণের শতকরা সংযুক্তি নির্ণয় কর। ৩

ঘ. ১নং পাত্রে পানি যোগ করে 200 mL দ্রবণ তৈরি করলে দ্রবণের মোলারিটির কী পরিবর্তন হবে তা বর্ণনা কর। ৪

৬ } $_{12}X, _{15}Y, _{17}Z$

ক. আইসোটোপ কাকে বলে? ১

খ. এসিড-ক্ষার বিক্রিয়া বলতে কী বুঝ তা ব্যাখ্যা কর। ২

গ. XZ_2 যৌগটিতে কী ধরনের বন্ধন বিদ্যমান তা ডায়াগ্রামের সাহায্যে বর্ণনা কর। ৩ঘ. YZ_3 এবং YZ_5 যৌগ গঠনে কোনটি অষ্টক নিয়ম মেনে চলে তা তোমার উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

৭ } নিম্নে ছকের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :

| মৌল | A | B | C | D |
|------------------|----|----|----|----|
| পারমাণবিক সংখ্যা | 11 | 13 | 14 | 16 |


ক. মেডেলিফের পর্যায় সূত্রটি লিখ। ১

খ. পটাসিয়ামের ইলেকট্রন বিন্যাসে সর্বশেষ ইলেকট্রনটি 3d তে না গিয়ে 4s এ যায় কেন? ব্যাখ্যা কর। ২

গ. ইলেকট্রন বিন্যাসের সাহায্যে C মৌলের পর্যায় সারণিতে অবস্থান নির্ণয় কর। ৩

ঘ. মৌলের পর্যায়বৃত্ত ধর্মের ক্ষেত্রে উদ্দীপকের মৌলগুলোর ইলেকট্রন আসক্তির ক্রম আলোচনা কর। ৪

৮ } নিম্নে চিত্রের আলোকে প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. ইউরিয়ার গলনাঙ্ক কত? ১

খ. নিষ্ক্রিয় মৌলগুলোর নিষ্ক্রিয়তার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের M ডেলেটের L শেলের ইলেকট্রনের কৌণিক ভরবেগ নির্ণয় কর। ৩

ঘ. সীমাবদ্ধতাসহ উদ্দীপকের M ডেলেটের স্বীকার্যসমূহ বর্ণনা কর। ৪

বরিশাল জিলা স্কুল

বিষয় কোড : 1317

সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

রসায়ন সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০


[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ }

| মৌল | পারমাণবিক ভর |
|-----|--------------|
| P | 85.5 |
| Q | 39 |
| R | 23 |

- ক. মোল কাকে বলে? ১
- খ. অ্যালুমিনিয়ামের ভরসংখ্যা 27 বলতে কী বুঝ? ২
- গ. উদ্দীপকের মৌলসমূহের ইলেকট্রন বিন্যাস করে পর্যায় সারণিতে অবস্থান নির্ণয় কর। ৩
- ঘ. P, Q ও R মৌলের পারমাণবিক আকারের ক্রম বিশ্লেষণ কর। ৪

২ }



- ক. উর্ধ্বপাতন কাকে বলে? ১
- খ. ব্যাপন ও নিঃসরণের মধ্যে পার্থক্য লিখ। ২
- গ. উদ্দীপকের শেষ ইলেকট্রনটির কৌণিক ভরবেগ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের মডেলটির গুরুত্ব বিশ্লেষণ কর। ৪
- ৩ } কপারের দুইটি আইসোটোপ ^{63}Cu , ^{65}Cu এবং এর আপেক্ষিক পারমাণবিক ভর 63.5।
- ক. আইসোটোপ কাকে বলে? ১
- খ. কাঁচা আম টক কিন্তু পাকা আম মিষ্টি কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের আইসোটোপদ্বয়ের শতকরা পরিমাণ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের মৌলটির ইলেকট্রন বিন্যাস সাধারণ নিয়ম মেনে চলে কিনা তা বিশ্লেষণ কর। ৪

- ৪ } (i) $\text{CuSO}_4 + \text{Zn} \rightarrow \text{ZnSO}_4 + \text{Cu}$
(ii) $\text{N}_2(\text{g}) + \text{O}_2(\text{g}) \rightarrow 2\text{NO}(\text{g}); \Delta H = 180 \text{ kJ}$
- ক. দর্শক আয়ন কী? ১
- খ. 'রাসায়নিক সাম্যাবস্থা একটি গতিশীল অবস্থা'— ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের (i) নং বিক্রিয়ার সাহায্যে দেখাও যে, জারণ-বিজারণ যুগপৎ ঘটে। ৩
- ঘ. (ii) নং বিক্রিয়ার সাম্যাবস্থার উপর তাপ ও চাপের প্রভাব বিশ্লেষণ কর। ৪

- ৫ } M যৌগের আণবিক ভর 90। যৌগটির 15 g বিশ্লেষণ করে 0.33 g হাইড্রোজেন, 4g কার্বন এবং 10.67 g অক্সিজেন পাওয়া গেল।

- ক. ট্রিফয়েল কী? ১
- খ. Fe কে অবস্থান্তর মৌল বলার কারণ ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের যৌগের উপাদানসমূহের শতকরা সংযুতি নির্ণয় কর। ৩
- ঘ. M যৌগের আণবিক সংকেত নির্ণয় কর। ৪

- ৬ } (i) $\text{C}_n\text{H}_{2n+1}\text{OH}$ (ii) C_nH_{2n} (iii) $\text{C}_n\text{H}_{2n+2}$ এখানে $n = 2$ ।

- ক. অ্যালকাইল মূলক কী? ১
- খ. বেনজিন একটি অ্যারোমেটিক যৌগ ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের (i) নং থেকে কীভাবে (iii) নং যৌগ পাওয়া যায়— বিক্রিয়াসহ ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের (ii) নং যৌগ হতে কীভাবে পলিমার ও গ্লাইকল তৈরি করবে? বিক্রিয়াসহ বর্ণনা কর। ৪

৭ }

| মৌল | A | D | E | F |
|------------------|----|---|---|----|
| পারমাণবিক সংখ্যা | 12 | 9 | 6 | 11 |

- ক. উভমুখী বিক্রিয়া কাকে বলে? ১
- খ. পটাশিয়াম কে ক্ষার ধাতু বলা হয় কেন? ২
- গ. উদ্দীপকের A ও D মৌলের মধ্যে কী ধরনের বন্ধন গঠিত হয়? ডায়াগ্রামসহ ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের একটি মৌল শুধুই সময়োজী বন্ধন গঠন করে বিশ্লেষণ কর। ৪

- ৮ } 40.5 g Ca $(\text{HCO}_3)_2$ প্রস্তুত করার লক্ষ্যে 25 g CaCO_3 ও 4.5 g H_2O এবং 8 g CO_2 মিশ্রিত করা হয়। বিক্রিয়ায় প্রত্যাশিত উৎপাদ পাওয়া গেল না।

- ক. মুদ্রা ধাতু কাকে বলে? ১
- খ. পানি পোলার যৌগ কেন? ব্যাখ্যা কর। ২
- গ. বিক্রিয়ায় কত মোল CO_2 ব্যবহার করা হয়েছিল? নির্ণয় করে দেখাও। ৩
- ঘ. বিক্রিয়ায় প্রত্যাশিত উৎপাদের পরিমাণ কম হওয়ার যৌক্তিকতা ব্যাখ্যা কর। ৪

ময়মনসিংহ জিলা স্কুল


বিষয় কোড : 137

রসায়ন সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৫০


সময় : ২ ঘণ্টা ৩৫ মিনিট

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]



- ক. ফ্যাটি এসিড কাকে বলে? ১
- খ. গ্লাসিয়াল অ্যাসিটিক এসিড বলতে কী বুঝায়? ২
- গ. 'B' হতে কিভাবে 'A' যৌগ প্রস্তুত করা যায় সমীকরণসহ লিখ। ৩
- ঘ. দেখাও যে 'A' যৌগের কার্যকরী মূলক 'C' যৌগের কার্যকরী মূলকে বিদ্যমান। সমীকরণসহ ব্যাখ্যা কর। ৪

২ } বিয়োজন প্রক্রিয়ার মাধ্যমে নিম্নোক্ত বিক্রিয়াটি সম্ভব হয়।





[A দুই কার্বন ও B তিন কার্বনবিশিষ্ট অ্যালকিন]

- ক. HDPE এর পূর্ণরূপ লিখ। ১
- খ. C_2H_6 অপেক্ষা C_2H_4 বেশি সক্রিয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের 'B' উৎপাদটি সপ্তক না অসপ্তক তুমি তা কিভাবে প্রমাণ করবে ব্যাখ্যা কর। (সমীকরণসহ) ৩
- ঘ. 'A' যৌগকে কিভাবে মার্জারিনে পরিণত করা হয়। তা সমীকরণসহ ব্যাখ্যা কর। ৪


৩ } A, B এবং C তিনটি মৌলের পারমাণবিক সংখ্যা যথাক্রমে 17, 16 এবং 9 [A, B, C প্রতীকী অর্থে]

- ক. ক্যাটেশন কী? ১
- খ. HF সমযোজী হওয়া সত্ত্বেও বিদ্যুৎ পরিবহন করে কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের কোন মৌলটি পরিবর্তনশীল যোজনী প্রদর্শন করে? উত্তরের যথার্থতা বিশ্লেষণ কর। ৩
- ঘ. “মৌলসমূহ যৌগ গঠনে কেবলমাত্র অষ্টক নিয়ম অনুসরণ করে না।” – BC_6 যৌগের ক্ষেত্রে তা বিশ্লেষণ কর। ৪

৪ } নিম্নে বিক্রিয়াগুলো লক্ষ কর এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও :



- ক. বিক্রিয়ার গতিবেগ কী? ১
- খ. সকল বিয়োজন বিক্রিয়া Redox বিক্রিয়া নয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. (ii) নং বিক্রিয়ার আলোকে দেখাও যে, জারণ-বিজারণ যুগপৎ ঘটনা। ৩
- ঘ. উদ্দীপকের বিক্রিয়ায় Cl_2 এর উৎপাদন বাড়াতে কী ব্যবস্থা গ্রহণ করা যায়? ব্যাখ্যা কর। ৪



উদ্দীপকটি লক্ষ কর এবং নিম্নে প্রশ্নগুলোর উত্তর দাও :

- ক. ইলেকট্রোপ্লেটিং কী? ১
- খ. বর্ষাকালে ছাদ পিচ্ছিল হয়, তা দূর করার জন্য কিরূপ পদার্থ ব্যবহার করা হয় এবং কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের A যৌগের বন্ধন গঠন প্রক্রিয়া বর্ণনা কর। ৩
- ঘ. উদ্দীপকের বিক্রিয়াটিকে অধঃক্ষেপণ বিক্রিয়া ও পানি বিশ্লেষণ বিক্রিয়া বলা যাবে কিনা— তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৬ } 200 mL 0.25 M $NaHCO_3$ দ্রবণে 200 mL 0.5 M HCl দ্রবণ যোগ করা হলো।

- ক. মোলারিটি কী? ১
- খ. লোহায় মরিচা পড়া একটি রাসায়নিক পরিবর্তন কেন— ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের যৌগ দুইটির মধ্যে কোনটি লিমিটিং বিক্রিয়ক তা গাণিতিকভাবে নির্ণয় কর। ৩
- ঘ. দ্রবণ দুইটির বিক্রিয়ায় 1.4 গ্রাম লবণ পাওয়া গেলে বিক্রিয়ক অ্যানালাইসিস হবার সম্ভাবনা যাচাই কর। ৪

৭ } X, Y, Z তিনটি মৌল। মৌলগুলোর পারমাণবিক ভর যথাক্রমে 27, 52 ও 63.5।

- ক. পর্যায় সূত্রটি লিখ। ১
- খ. অক্সিজেনের তড়িৎ ঋণাত্মকতা সালফার অপেক্ষা বেশি কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের মৌলগুলোর পর্যায় সারণিতে অবস্থান নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের মৌলগুলোর পারমাণবিক আকারের ক্রম বিশ্লেষণ কর। ৪

৮ }

| মৌল | প্রোটন সংখ্যা | নিউট্রন সংখ্যা | |
|-----|---------------|----------------|-----------------------------------|
| X | 15 | 17 | |
| Y | | 8 | $2.342 \times 10^{-23} \text{ g}$ |

- ক. মৌল কী? ১
- খ. $1 \text{ g } H_2SO_4$ এ কতগুলো H_2SO_4 এর পরমাণু থাকে? ২
- গ. X মৌলের প্রকৃত ও আপেক্ষিক পারমাণবিক ভর নির্ণয় কর। ৩
- ঘ. গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে Y মৌলটি শনাক্ত কর। ৪

রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : I 3 7

সময় : ২৫ মিনিট

রসায়ন বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সমীপূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ছিঁহু দেওয়া যাবে না।]

১. কোনটি বিস্ফোরক পদার্থ?
 K জৈব পারঅক্সাইড
 L অ্যারোসল
 M সিএফসি
 N ড্রাইআইস
২. আশ্বিন বা তাপ থেকে দূরে রাখতে হয়—
 i. মোম
 ii. অ্যারোসল
 iii. পেট্রোলিয়াম
 নিচের কোনটি সঠিক?
 K i ও ii L ii ও iii
 M i ও iii N i, ii ও iii
৩. STP তে হাইড্রোজেন সালফাইড এর ঘনত্ব কত? g/L?
 K 3.2 L 2.52
 M 1.7 N 1.51
৪. কোনটির আন্তঃআণবিক শক্তি বেশি?
 K পানি
 L হাইড্রোজেন ক্লোরাইড
 M অ্যামোনিয়াম ক্লোরাইড
 N সোডিয়াম ক্লোরাইড
৫. চক কি ধরনের পদার্থ?
 K মৌলিক L যৌগিক
 M মিশ্র N গ্যাসীয়
৬. বোর মডেল অনুসারে কোনটির বর্ণালি ব্যাখ্যা করা যায়?
 K Li⁺ L H⁺
 M H N Be²⁺
৭. রোগাক্রান্ত স্থানের ছবি উঠাতে ব্যবহৃত হয়—
 K Tc-99 L U-235
 M I-131 N P-32
৮. Cr এর ৩য় শক্তিস্তরে কতটি উপশক্তি স্তর আছে?
 K ৩টি L ৫টি
 M ৪টি N ৬টি
৯. 16নং গ্রুপের মৌলের অক্সাইড কোনটি?
 K CO₂ L SO₂
 M MgO N SiO₂
১০. নিকেলের পর্যায় সারণিতে অবস্থান—
 K পর্যায়-10 গ্রুপ-4
 L পর্যায়-5 গ্রুপ-4
 M পর্যায়-4 গ্রুপ-3
 N পর্যায়-4 গ্রুপ-10
১১. কোনটির আকার ছোট?
 K Na L Ne
 M Mg²⁺ N Na⁺
১২. কোনটির ধাতব ধর্ম বেশি?
 K Na L Mg
 M Cl N K
১৩. BeCl₂ এতে মুক্ত জোড় ইলেকট্রন কতটি?
 K ২টি L ৪টি
 M ৬টি N ৮টি
১৪. নিচের কোনটি ব্যতিক্রম?
 K H L Na
 M Li N K
১৫. NaCl এর আয়নে কোন বলটি কার্যকর আছে?
 K ডাইপোল-ডাইপোল আকর্ষণ বল
 L আন্তঃআণবিক আকর্ষণ বল
 M ভ্যানডার ওয়াল বল
 N স্থির বৈদ্যুতিক আকর্ষণ বল
১৬. কোনটি ভৌত পরিবর্তন?
 K ভাত রান্না করা
 L লোহায় মস্কিা পড়া
 M ডিম সেদ্ধ করা
 N টক ফল পেকে মিষ্টি হওয়া
১৭. SO₄²⁻ আয়নে S এর জারণ সংখ্যা কত?
 K -2 L 0
 M -4 N +6
১৮. 1 মোল ইথেনকে O₂ দ্বারা দহন করতে কত মোল O₂ দরকার?
 K 5 মোল L 7 মোল
 M $\frac{7}{2}$ মোল N $\frac{5}{2}$ মোল
১৯. STP তে 3L H₂ ও 3L N₂ বিক্রিয়া করে কত লিটার NH₃ উৎপন্ন করবে?
 K 6L L 3L
 M 1L N 2L
২০. 100 mL দ্রবণে 10 gm NaOH দ্রবীভূত থাকলে ঘনমাত্রা কত?
 K 0.22 M L 2.5 M
 M 5.2 M N 0.205 M
২১. ব্লু-ভিট্রিওলে কেলাস পানির শতকরা সংযুক্তি কত?
 K 36.07% L 0.607%
 M 45.05% N 44.44%
২২. HC≡CH + H₂O → ইথান্যাল এই বিক্রয়ার শর্তগুলো হলো—
 i. 2% HgSO₄
 ii. 20% H₂SO₄
 iii. 90 °C
 নিচের কোনটি সঠিক?
 K i ও ii L ii ও iii
 M i ও iii N i, ii ও iii
২৩. কার্বন ডাইঅক্সাইড-এ σ ও π বন্ধন এর সংখ্যা কত?
 K 3, 1 L 1, 3
 M 2, 2 N 4, 0
২৪. নিচের উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :
 Nylon 6 : 6 একটি ঘনীভবন পলিমার।
২৪. Nylon 6 : 6 উৎপাদনে প্রভাবক কোনটি?
 K TiCl₄ L TiCl₃
 M TiO₂ N TiO
২৫. উদ্দীপকের পলিমারের ব্যবহার—
 i. কৃত্রিম কাপড় তৈরিতে
 ii. দাঁতের ব্রাশ তৈরিতে
 iii. বিদ্যুৎ অপরিবাহী পদার্থ তৈরিতে
 নিচের কোনটি সঠিক?
 K i ও ii L i ও iii
 M ii ও iii N i, ii ও iii

^mU-K

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : I 3 7

সময় : ২৫ মিনিট

রসায়ন ● বহুনির্বাচনী অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সমীপূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ছিঁহু দেওয়া যাবে না।]

১. নিচের কোনটি বিষাক্ত পদার্থ?
K টিএনটি L ইথার
M টলুইন N মিথানল
২. কোন সনকে রসায়নের বছর হিসেবে পালন করা হয়?
K 2009 L 2010
M 2011 N 2012
৩. নিম্নের যৌগটির IUPAC পদ্ধতিতে নাম কী?
 $\text{CH}_3\text{CH}_2\text{CH}=\text{CHCH}_3$
K 2-পেন্টিন L 2-পেন্টেন
M 3-পেন্টেন N 3-পেন্টিন
- n নিচের বিক্রিয়ার আলোকে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :
 $\text{H}_2\text{SO}_4 + \text{A} \rightarrow \text{B}$
A সালফারের অক্সাইড যাতে মৌলটির সর্বোচ্চ যোজনী বিদ্যমান।
৪. A যৌগে সালফারের কয়টি মুক্ত জোড় ইলেকট্রন বিদ্যমান?
K 0 L 1
M 2 N 3
৫. B-এর এক মোল সমান কত গ্রাম?
K 90 gm L 122 gm
M 178 gm N 146 gm
৬. একটি মৌলের সুস্থিত আয়ন A^{2+} এর ইলেকট্রন বিন্যাস $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$ মৌলটির গ্রুপ কোনটি?
K 2 L 6
M 8 N 10
৭. নিচের যৌগগুলোর মধ্যে একই নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রনিক কাঠামো আছে—
i. KCl
ii. MgO
iii. NaCl
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
৮. $\text{Fe}_2\text{O}_3 + \text{HNO}_3 \rightarrow \text{Fe}(\text{NO}_3)_3 + \text{H}_2\text{O}$ সমীকরণটির সমতা বিধানে যথাক্রমে কোন কোন সংখ্যা ব্যবহার করতে হবে?
K 0, 6, 2, 3 L 1, 6, 2, 3
M 2, 2, 2, 3 N 1, 6, 2, 2
৯. কোন মৌলের যোজনী ও যোজনী ইলেকট্রন সমান?
K অক্সিজেন L ফ্লোরিন
M ম্যাগনেসিয়াম N আর্গন
১০. 2 gm খাদ্য লবণে কয়টি অণু আছে?
K 2.059×10^{22} টি
L 2.059×10^{23} টি
M 2.58×10^{23} টি
N 2.58×10^{22} টি
১১. C_8H_{16} সংকেতটি থেকে বোঝা যায়—
i. আণবিক ভর 112
ii. এটি সশৃঙ্খল হাইড্রোকার্বন
iii. পেট্রোল ইঞ্জিনে জ্বালানি হিসেবে ব্যবহার হয়
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
১২. নিচের কোনটি মুদ্রা ধাতু?
K Ar L Ag
M Cd N At
১৩. $\text{Na}_2\text{S}_2\text{O}_3$ এ সালফারের জারণ মান কত?
K +6 L +4
M +2 N 0
- n নিচের বিক্রিয়াধর্মের আলোকে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :
(i) $\text{AlCl}_3(\text{aq}) + \text{NH}_4\text{OH}(\text{aq}) \rightarrow \text{Al}(\text{OH})_3 \downarrow + \text{A}$
(ii) $\text{A} + \text{NaOH} \rightarrow \text{B} + \text{NaCl} + \text{H}_2\text{O}$
১৪. i নং বিক্রিয়ায় উৎপন্ন অধঃক্ষেপটির বর্ণ কীরূপ?
K হালকা নীল L লালচে বাদামী
M সবুজ N সাদা
১৫. উদ্দীপকে উৎপন্ন B যৌগটি কোনধর্মী?
K অম্লধর্মী L নিরপেক্ষ
M ক্ষারধর্মী N উভধর্মী
১৬. নিচের কোন পদার্থটির মধ্যে দুর্বল ভ্যানডার ওয়ালস বল বিদ্যমান?
K K_2O L CaCl_2
M O_3 N MgO
১৭. 5 gm ম্যাগনেসিয়ামকে দহন করতে কত গ্রাম অক্সিজেন প্রয়োজন?
K 2.33 L 3.33
M 6.66 N 4.33
১৮. পেট্রোলিয়ামে শতকরা কত ভাগ কেরোসিন থাকে?
K 5 L 10
M 2 N 13
১৯. কোনটি ননরেডক্স বিক্রিয়া?
K পানিযোজন L বিযোজন
M দহন N সংযোজন
২০. Cr(24) মৌলের ৩য় শক্তিস্তরে কতটি ইলেকট্রন থাকে?
K 12 L 13
M 14 N 18
২১. $^{32}_{15}\text{S}$ আইসোটোপ নিচের কোনটির ক্ষেত্রে ব্যবহৃত হয়?
K দেহের হাড় বেড়ে যাওয়া নির্ণয়ের ক্ষেত্রে
L টিউমারের উপস্থিতি নির্ণয়ের ক্ষেত্রে
M রক্তের লিউকোমিয়া রোগের চিকিৎসায়
N থাইরয়েড গ্রন্থির কোষ-কলা বৃদ্ধি প্রতিহত করতে
২২. কোনটি ব্যাপনের হার সবচেয়ে বেশি?
K N_2O_3 L N_2O
M C_2H_6 N C_2H_4
২৩. $\text{Sn}^{2+} + \text{Fe}^{3+} \rightarrow \text{Sn}^{4+} + \text{Fe}^{2+}$ বিক্রিয়ার ক্ষেত্রে—
i. Sn^{2+} বিজারক
ii. Fe^{3+} এর বিজারণ ঘটেছে
iii. Sn^{2+} জারক
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii
- n নিচের বিক্রিয়ার আলোকে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :
 $\text{Al} + \text{O}_2 \rightarrow \text{Y}$
২৪. বিক্রিয়াটি—
i. দহন বিক্রিয়া
ii. সংশ্লেষণ বিক্রিয়া
iii. জারণ-বিজারণ বিক্রিয়া
নিচের কোনটি সঠিক?
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii
২৫. 17 gm Y যৌগ তৈরি করতে কী পরিমাণ অক্সিজেন প্রয়োজন?
K 1 mole L 0.5 mole
M 0.25 mole N 0.125 mole

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 137

সময় : ২৫ মিনিট

রসায়ন বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সমীপূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ছিঁহু দেওয়া যাবে না।]

১. PVC এর মনোমার কোনটি?

K C_2H_5Cl L C_2H_3Cl
M C_2H_4Cl N $C_2HCHOCl$

২. পেট্রোলিয়ামে শতকরা কত ভাগ

পেট্রোলিয়াম গ্যাস থাকে?

K 1 L 2
M 5 N 7

৩. $NH_4Cl + H_2O \rightarrow NH_4OH + HCl$

বিক্রিয়াটি কী ধরনের?

K প্রশমন L আর্দ্র বিশ্লেষণ
M পানি যোজন N সংযোজন

৪. গ্রাংক ধ্রুবক এর একক কী?

K $m^2 kgs$ L $m^2 kg s^{-1}$
M $m^2 kg^{-1} s$ N $m^2 kg^{-1} s^{-1}$

৫. f অরবিটালে উপ-স্তরের সংখ্যা কতটি?

K 9 L 7
M 5 N 3

৬. সালফারের দহন বিক্রিয়ায় কী উৎপন্ন

হয়?

K H_2S L SO_2
M SO_4^{2-} N H_2SO_4

৭. নিচের কোনটি অ্যালকাইন?

K C_5H_{12} L C_5H_{10}
M C_5H_8 N C_5H_{11}

৮. H^+ আয়নটিতে—

i. ইলেকট্রন সংখ্যা শূন্য

ii. প্রোটন সংখ্যা শূন্য

iii. নিউট্রন সংখ্যা শূন্য

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৯. পর্যায় সারণির ৩নং গ্রুপে কতটি মৌল

আছে?

K 4 L 6
M 32 N 34

১০. আর্সেনিক এর সর্বশেষ শক্তিস্তরে

ইলেকট্রন সংখ্যা কতটি?

K 3 L 5
M 18 N 33

১১. ফসফোনিয়াম নাইট্রেট যৌগে কতটি

পরমাণু রয়েছে?

K 7 L 9
M 13 N 14

১২. 500 ml দ্রবণে 24.5 g H_2SO_4 দ্রবীভূত

থাকলে দ্রবণের ঘনমাত্রা কত?

K 0.5 M L 0.05 M
M 0.25 M N 0.1 M

১৩. 1 মিলি মোল ম্যাগনেশিয়াম কার্বনেট =

কত গ্রাম?

K 84 L 8.4
M 0.84 N 0.084

১৪. অ্যালুমিনিয়াম নাইট্রেট যৌগে কতটি

নাইট্রেট আয়ন আছে?

K 18.069×10^{-24} টি
L 18.069×10^{24} টি

M 1.8069×10^{26} টি

N 1.8069×10^{26} টি

n একটি বিকারে 0.5 লিটার দ্রবণে 56 g কস্টিক পটাশ দ্রবীভূত রয়েছে।

উপরের তথ্যের আলোকে (১৫ – ১৬)

নং প্রশ্নের উত্তর দাও :

১৫. উদ্দীপক এর দ্রবণের ঘনমাত্রা কত?

K 2 M L 1 M
M 0.5 M N 0.25 M

১৬. উক্ত দ্রবণে 18.25 HCl এসিড যুক্ত

করলে—

i. 28 g KOH অবশিষ্ট থাকবে

ii. উৎপন্ন লবণের ভর 37.25 g

iii. বিক্রিয়াটিতে জারণ সংখ্যা পরিবর্তন

হয়নি

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

১৭. H_2S যৌগে সালফারের সূক্ত যোজনী

কত?

K 0 L 2
M 4 N 6

১৮. O^{2-} এর ইলেকট্রন বিন্যাস নিচের

কোনটি?

K 2, 6 L 2, 4
M 2, 8 N 2, 8, 8

১৯. চূনের পানিতে অধিক পরিমাণ CO_2

চালনা করলে কোন যৌগ উৎপন্ন হবার

কারণে ঘোলা পানি পরিষ্কার হয়ে যায়?

K ক্যালসিয়াম অক্সাইড

L ক্যালসিয়াম হাইড্রোক্সাইড

M ক্যালসিয়াম কার্বনেট

N ক্যালসিয়াম বাই কার্বনেট

২০. কোন মৌলটির ইলেকট্রন আসক্তি কম?

K Mg L Si
M P N S

২১. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$

ইলেকট্রন বিন্যাসবিশিষ্ট মৌলটির অবস্থান

কোন গ্রুপে?

K 6 L 8
M 14 N 18

২২. ল্যাছানাম এর প্রোটন কতটি?

K 57 L 68
M 72 N 89

২৩. ডাইক্লোরোমিথেন এ কার্বন এর জারণ

সংখ্যা কত?

K -2 L 0
M +2 N +4

২৪. নিচের কোনটি স্বতঃস্ফূর্ত প্রক্রিয়া?

K উর্ধ্বপাতন L পাতন
M ব্যাপন N নিঃসরণ

২৫. পটাশিয়াম ডাইক্রোমেট ক্রোমিয়ামের

জারণ সংখ্যা কত?

K +2 L +4
M +6 N +7

আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, ঢাকা

বিষয় কোড : 137

সময় : ২৫ মিনিট

রসায়ন বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সমীপূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ছিঁহু দেওয়া যাবে না।]

১. নিচের কোন মৌলটির ইলেকট্রন আসক্তির মান সবচেয়ে বেশি?
 K F L Cl
 M Br N I
২. নিচের কোন মৌলের আয়নিকরণ শক্তির মান সবচেয়ে কম?
 K K L Na
 M Li N Rb
৩. $CH_2 = CH_2 + H_2O + [O] \rightarrow X$,
 এখানে X হলো—
 K $CH_2OH - CH_2OH$
 L $CH_3 - CH_2OH$
 M $CH_3 - CHOH - CH_2OH$
 N CH_3OH
৪. $CH \equiv CH$ যৌগটি—
 i. সংযোজন বিক্রিয়ায় অংশগ্রহণ করে
 ii. যৌগটি থেকে অ্যালকিন প্রস্তুত করা যায়
 iii. যৌগটি থেকে ইথান্যাল প্রস্তুত করা যায়
 নিচের কোনটি সঠিক?
 K i ও ii L ii ও iii
 M i ও iii N i, ii ও iii
৫. ইলেকট্রন কর্তৃক শোষিত বা বিকিরিত শক্তির পরিমাণ নির্ণয় করা হয় নিচের কোন সূত্রের সাহায্যে?
 K $h\nu = hc/\lambda$ L $h\lambda = hc\nu$
 M $hc = n\nu/\lambda$ N $\nu c = h\lambda$
৬. থাইরয়েড ক্যান্সার নিরাময়ে নিচের কোন আইসোটোপটি ব্যবহার করা হয়?
 K ^{130}I L ^{131}I
 M ^{132}I N ^{133}I
৭. নিচের কোন গ্যাসের ব্যাপনের হার বেশি?
 K CO_2 L NH_3
 M HCl N O_2
৮. নিচের কোন পদার্থটি উর্ধ্বপাতিত হয়?
 K আয়োডিন L খাদ্য লবণ
 M তুঁতে N সোডা অ্যাশ
৯. খাদ্য বেশি সময় ধরে সংরক্ষণে নিচের কোন পদার্থটি ব্যবহৃত হয়?
 K কীটনাশক L ওষুধ
 M প্রিজারভেটিভস N সার
১০. কাঁচা আমে কি থাকে?
 K সাল্লিনিক এসিড
 L এসিটিক এসিড
 M অক্সালিক এসিড
 N টারটারিক এসিড
১১. রেকটিফাইড স্পিরিটে শতকরা কত ভাগ ইথানল থাকে?
 K ৯৬ ভাগ L ৯৭ ভাগ
 M ৯৮ ভাগ N ৯৯ ভাগ
- n নিচের উদ্দীপকের আলোকে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :
 $mvr = \frac{nh}{2\pi}$
১২. উপরের সমীকরণে—
 i. $m = 9.110 \times 10^{-31}$ kg
 ii. $h = 6.626 \times 10^{-37}$ kg
 iii. $n =$ প্রধান শক্তিস্তর সংখ্যা
 নিচের কোনটি সঠিক?
 K i ও ii L ii ও iii
 M i ও iii N i, ii ও iii
১৩. ২য় কক্ষপথের কৌণিক ভরবেগ নিচের কোনটি হবে?
 K $2.109 \times 10^{-30} \text{kgm}^2\text{s}^{-1}$
 L $2.109 \times 10^{-36} \text{kgm}^2\text{s}^{-1}$
 M $2.109 \times 10^{-34} \text{kgm}^2\text{s}^{-1}$
 N $2.109 \times 10^{-38} \text{kgm}^2\text{s}^{-1}$
১৪. 1 L H_2SO_4 এসিডের দ্রবণে যদি 98 গ্রাম H_2SO_4 থাকে তাহলে ঐ দ্রবণের মোলার ঘনমাত্রা কত?
 K 1 M L 1.5 M
 M 2 M N 2.5 M
১৫. STP তে 0.5 মোল মিথেন গ্যাসের আয়তন কত?
 K 11.2 L L 22.4 L
 M 22.8 L N 44.4 L
১৬. নিচের কোন যৌগটি অষ্টক নিয়ম মেনে গঠিত হয়নি?
 K HCN L SO_2
 M PCl_3 N $BeCl_2$
১৭. নিচের কোন যৌগের গলনাঙ্কের মান বেশি?
 K NaH L HCl
 M BCl_3 N BeF_2
১৮. অ্যামোনিয়াম ফসফেট অণুতে মোট কতটি পরমাণু বিদ্যমান?
 K 17টি L 18টি
 M 19টি N 20টি
১৯. ইথাইল ক্লোরাইডের মধ্যে সোডিয়াম হাইড্রোক্সাইডের জলীয় দ্রবণ চালনা করে উত্তপ্ত করলে নিচের কোনটি পাওয়া যাবে?
 K ইথান্যাল L ইথাইন
 M ইথানল
 N ইথানয়িক এসিড
- n নিচের বিক্রিয়াটি লক্ষ কর ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :
 $2H_2S + SO_2 \rightarrow 2H_2O + 3S$
২০. বিক্রিয়াটির ক্ষেত্রে—
 i. SO_2 বিজারিত হয়
 ii. H_2S জারিত হয়
 iii. SO_2 বিজারক পদার্থ
 নিচের কোনটি সঠিক?
 K i ও ii L ii ও iii
 M i ও iii N i, ii ও iii
২১. উপরের বিক্রিয়াটি কোন ধরনের?
 K সংযোজন L প্রতিস্থাপন
 M জারণ-বিজারণ N প্রশমন
২২. নিচের কোনটি ঘনীভবন পলিমারের উদাহরণ?
 K পলিথিন L পিভিসি
 M নাইলন 6.6 N পলিপ্রোপিন
২৩. Na_2S যৌগে S এর জারণ সংখ্যার মান কত?
 K +1 L -1
 M +2 N -2
২৪. নিচের কোনটি সমযোজী যৌগ?
 K LiCl L $BaCl_2$
 M NCl_3 N $RbCl$
২৫. নিচের কোন যৌগটি অপোলার?
 K HF L CH_4
 M H_2O
 N $CH_3 - CH_2 - OH$

সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা

বিষয় কোড : I 3 7

সময় : ২৫ মিনিট

রসায়ন বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. সর্বপ্রথম স্বর্ণ আহরণ শুরু করে কারা?

K আরবীয়রা L ভারতীয়রা
M মিসরীয়রা N রোমানরা

২. প্রাচীন ও মধ্যযুগীয় রসায়ন চর্চা কী নামে পরিচিত?

K আল-কেমী L আল-কেমিয়া
M আল-কেমিস্ট্রি N আল-কিমির

৩. কোন প্রক্রিয়ায় কাঁচা আম থেকে হলুদ বর্ণ ধারণ করে?

K ভৌত প্রক্রিয়ায়
L রাসায়নিক প্রক্রিয়ায়
M জৈব রাসায়নিক প্রক্রিয়ায়
N ভৌত ও রাসায়নিক প্রক্রিয়ায়

৪. নিচের কোন মৌলটি মুদ্রা ধাতু?

K Ar L Ag
M Cd N Kr

৫. পৃথিবীর বয়স নির্ধারণে ব্যবহৃত কার্বনের আইসোটোপটিতে নিউট্রনের সংখ্যা কত?

K 6 L 7
M 8 N 9

৬. একটি মৌলের ইলেকট্রন বিন্যাস হচ্ছে 2, 8, 8, 1 পর্যায় সারণিতে মৌলটির অবস্থান হল—

K ৪র্থ পর্যায় এবং প্রথম গ্রুপ
L ৩য় পর্যায় এবং প্রথম গ্রুপ
M ৬ষ্ঠ পর্যায় এবং দ্বিতীয় গ্রুপ
N ৪র্থ পর্যায় এবং তৃতীয় গ্রুপ

৭. 10 g CaCO₃ এ কতটি অণু বিদ্যমান?

K 6.02×10^{23} L 6.02×10^{22}
M 6.02×10^{21} N 6.02×10^{20}

৮. H⁺ আয়নে কতটি নিউট্রন আছে?

K 0 L 2
M 3 N 1

৯. কোন মৌলটির পারমাণবিক ব্যাসার্ধ সবচেয়ে কম?


K P L S
M Mg N Na

১০. d-ব্লক মৌল কোনগুলো?

K গ্রুপ-3 থেকে গ্রুপ 11 পর্যন্ত অবস্থিত মৌল
L গ্রুপ-3 থেকে গ্রুপ 12 পর্যন্ত অবস্থিত মৌল
M গ্রুপ-3 থেকে গ্রুপ 13 পর্যন্ত অবস্থিত মৌল
N গ্রুপ-3 থেকে গ্রুপ 14 পর্যন্ত অবস্থিত মৌল

n নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং

প্রশ্নের উত্তর দাও :



১১. উদ্দীপকের X যৌগটি হলো—

K সম্পৃক্ত হাইড্রোকার্বন
L অসম্পৃক্ত হাইড্রোকার্বন
M অ্যারোমেটিক হাইড্রোকার্বন
N অ্যালিসাইক্লিক হাইড্রোকার্বন

১২. Y যৌগটিতে হাইড্রোজেনের শতকরা পরিমাণ কত?

K 9.09% L 18.18%
M 33.33% N 54.53%

১৩. মনে কর একটি মৌলের সুস্থিত আয়ন

A²⁺ এর ইলেকট্রন বিন্যাস— 1s² 2s² 2p⁶ 3s² 3p⁶। মৌলের গ্রুপ কোনটি?
K 2 L 6
M 8 N 10

১৪. IUPAC এর পূর্ণ নাম কী?

K International Union of Pure and Applied Chemistry
L International Unity of Pure and Applied Chemistry
M International Union of physical and Applied Chemistry
N Internal Union of Pure and Applied Chemistry



১৫. লেড অক্সাইডের প্রকৃতি কীরূপ?

K উভধর্মী L ক্ষারধর্মী
M অম্লধর্মী N নিরপেক্ষ

১৬. একই পর্যায়ের বাম থেকে ডানে মৌলের ধাতব ধর্মের কী পরিবর্তন হয়?

K ধাতব ধর্ম হ্রাস পায়
L বৃদ্ধি পায়
M অপরিবর্তিত থাকে
N ব্যাসার্ধ বৃদ্ধি পায়

n নিচের বিক্রিয়াদ্বয়ের আলোকে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :



১৭. (i) নং বিক্রিয়ায় উৎপন্ন অধঃক্ষেপটির বর্ণ কিরূপ?

K হালকা নীল L লালটেঁবাদামী
M সবুজ N সাদা

১৮. উদ্দীপকে উৎপন্ন B গ্যাসটি কোন ধর্মী?

K অম্লধর্মী L নিরপেক্ষধর্মী
M উভধর্মী N ক্ষারধর্মী

১৯. HClO₄ যৌগটিতে Cl এর জারণ মান কত?

K -7 L +6
M -6 N +7

২০. S + O₂ $\xrightarrow{\Delta}$ SO₂ বিক্রিয়াটি—

i. দহন
ii. সংশ্লেষণ
iii. সংযোজন
নিচের কোনটি সঠিক?
K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২১. N₂(g) + O₂(g) \rightarrow 2NO(g); $\Delta H = +180 \text{ kJ}$; যদি এই—

i. বিক্রিয়ায় তাপমাত্রা বৃদ্ধি করা হয়, তাহলে বিক্রিয়ার সাম্যাবস্থা ডান দিকে অগ্রসর হবে
ii. বিক্রিয়ার চাপ বৃদ্ধি করা হয় তাহলে বিক্রিয়ার সাম্যাবস্থা ডানদিকে অগ্রসর হবে
iii. বিক্রিয়ায় নাইট্রিক অক্সাইডের পরিমাণ বৃদ্ধি করা হয় তাহলে বিক্রিয়ার সাম্যাবস্থা বাম দিকে অগ্রসর হবে

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২২. Mg(s) + Zn²⁺(aq) \rightarrow Mg²⁺(aq) + Zn(s) উপরের বিক্রিয়ায় কোনটি বিজারক?

K Mg(s) L Zn²⁺(aq)
M Mg²⁺(aq) N Zn(s)


২৩. নিচের যৌগগুলোর মধ্যে একই নিষ্ক্রিয় গ্যাসের ইলেকট্রনিক কাঠামো আছে—

i. KCl
ii. MgO
iii. NaCl

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

২৪. নিচের কোনটি অ্যানায়ন?



[এখানে A, B, C ও D প্রতীকী অর্থে, প্রদ্রিলিত কোন মৌলের প্রতীক নয়]

K A L B
M C N D

২৫. H₂SO₄ এ সালফারের সংযুক্তি কত?

K 36.02% L 32.65%
M 39.02% N 40.02%

রাজশাহী কলেজিয়েট স্কুল

বিষয় কোড : I 3 7

রসায়ন ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

সময় : ২৫ মিনিট

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বাধিক উত্তর উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সঠিকভাবে ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ছিঁড় দেওয়া যাবে না।]

১. নিচের কোন মৌলের যোজ্যতা ইলেক্ট্রন ও যোজনী সমান?

K আয়োডিন L বেরিয়াম
M ফসফরাস N আর্গন

২. নিচের যৌগগুলোর মধ্যে কোনটিতে হাইড্রোজেনের জারণ মান -1?

K H₂ L NH₃
M H₃PO₄ N LiAlH₄

৩. সালফারের চতুর্থোজী যৌগ কোনটি?

K H₂S L SO₃
M SO₂ N H₂SO₄

৪. নিচের কোনটি রেডক্স বিক্রিয়া নয়?

K NaCl(aq) + AgNO₃(aq) →
AgCl(s) + NaNO₃(aq)
L Zn(s) + H₂SO₄(l) → ZnSO₄(aq)
+ H₂(g)

M CaCO₃(s) F CaO(s) + CO₂(g)

N C₂H₆(g) + $\frac{7}{2}$ O₂(g) → 2CO₂(g) +
3H₂O(g) + Heat

৫. নিচের কোনটি স্বাভাবিক তাপমাত্রায় কঠিন অবস্থায় থাকে?

K C₂H₅OH L C₁₀H₈
M C₅H₁₀ N C₆H₆

৬. নিচের কোন মৌলগুলোর ইলেক্ট্রন বিন্যাস অনুরূপ?

i. Al²⁺, Na
ii. F⁻, Na²⁺
iii. Ar, Sc³⁺

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

৭. নিচের কোনটি উর্ধ্বপাতিত হয় না?

K MgCl₂ L NH₄Cl
M I₂ N ন্যা-পথলিন

৮. নিচের কোন যৌগের সুষ্ট যোজনী 2?

K H₂S L CaCl₂
M CO₂ N PCl₃

৯. আয়নিকরণ শক্তির ক্রম—

i. Na < Mg < Si
ii. Ca < Sr < Ba
iii. C < O < F

নিচের কোনটি সঠিক?

K i ও ii L ii ও iii

১০.
$$\begin{array}{c} \text{M i ও iii} \\ \text{CH}_3\text{CH}_2\text{COONa} \xrightarrow[\Delta]{\text{Ni, ii ও iii}} \end{array}$$

A + Na₂CO₃(CaO). এখানে A যৌগটি কী?

K প্রোপেন L ইথেন
M প্রোপিন N প্রোপান্যাল

১১. স্রো ও কোন কোন ধাতুর মিশ্রণ তৈরি হয়?

K Cu + Zn L Au + Ag
M Ni + Cr N Cu + Sn

১২. ৪ গ্রাম ক্যালসিয়ামকে দহন প্রক্রিয়ায় সম্পূর্ণরূপে বিক্রিয়া করাতে কত গ্রাম অক্সিজেন লাগবে?

K 3.2 g L 6.4 g
M 5.33 g N 1.6 g

১৩. অবস্থান্তর মৌল নয় কোনটি?

K Rh L Re
M Rf N Ra

n নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :

বোর পরমাণু মডেল অনুযায়ী নিউক্লিয়াসকে কেন্দ্র করে ইলেক্ট্রনগুলো অনুমোদিত শক্তিস্তরে আবর্তন করে। শক্তিস্তরগুলোকে n দ্বারা প্রকাশ করা হয়।

১৪. উক্ত মডেল অনুযায়ী কোনটি সঠিক নয়?

K N = 2 হলে, L প্রধান শক্তিস্তর
L $mvr = \frac{nh}{2\pi}$ এখানে n = 0

M n = 4 হলে, N প্রধান শক্তিস্তর
N N = 7 হওয়া সত্ত্বে

১৫. উক্ত মডেলের সীমাবদ্ধতা নয় কোনটি?

K রেখা বর্ণালীতে ক্ষুদ্র ক্ষুদ্র রেখার ব্যাখ্যা দেওয়া যায় না

L ইলেক্ট্রনের কক্ষপথের আকার সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা পাওয়া যায় না

M He-এর বর্ণালী ব্যাখ্যা করা যায় না
N H-এর রেখা বর্ণালী ব্যাখ্যা করা যায়

১৬. কোন যৌগটিতে অষ্টক নিয়মের ব্যত্যয় ঘটেছে?

i. PCl₃
ii. PCl₅
iii. BCl₃

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii

M ii ও iii N i, ii ও iii

১৭.
$$\text{C}_2\text{H}_2 + \text{H}_2\text{O} \xrightarrow[20\% \text{H}_2\text{SO}_4, 65^\circ\text{C}]{2\% \text{HgSO}_4} \text{X}$$

$\xrightarrow{\text{cbieabAm}}$ Y। এখানে Y হলো—

K অ্যালডিহাইড L ক্রিটোন
M অ্যালকোহল N জৈব এসিড

১৮. অসম্পৃক্ত মুক্ত শিকল হাইড্রোকার্বন নিচের কোনটি?

K C₅H₁₂ L C₅H₈
M C₆H₆ N C₇H₁₆

১৯. Na₂S₄O₆ যৌগে S-এর জারণ সংখ্যা কত?

K +2 L +2.5
M -2.5 N +4

২০. ব্লু-ভিট্রিয়লে কপারের শতকরা সংযুক্তি কত?

K 25.45% L 39.8%
M 25.3% N 40.57%

২১. N₂(g) + O₂(g) F 2NO(g); ΔH = +180 kJ উপরের বিক্রিয়াটির ক্ষেত্রে সঠিক হলো—

i. তাপ প্রয়োগে পশ্চাত্মুখী হয়
ii. তাপ প্রয়োগে সম্মুখগামী হয়
iii. ঘনমাত্রার কোন প্রভাব নেই

নিচের কোনটি সঠিক?

K i L ii
M iii N কোনটি সঠিক নয়

২২. ³²P আইসোটোপ কোন কাজে ব্যবহৃত হয়?

K ক্যান্সার নিরাময়ে
L থাইরয়েড রোগের চিকিৎসায়
M ফসলের উৎপাদন বৃদ্ধিতে
N লিউকোমিয়া রোগের চিকিৎসায়

২৩. চূনাপাথরের 3.01 × 10²¹ টি অণুর ভর কত?

K 0.0499 g L 49.9 mg
M 4.99 g N 499 mg

২৪. ভিনেগারে অবস্থিত জৈব যৌগটি—

i. একটি দুর্বল এসিড
ii. লাল লিটমাসকে নীল করে
iii. স্বাদে মিষ্টি

নিচের কোনটি সঠিক?

K i L i ও ii
M i ও iii N ii ও iii

২৫. C₃H₈ যৌগটি হলো—

i. অ্যালকিন
ii. অ্যালকাইন
iii. ক্ষারীয় KMnO₄ বর্ণকে বিবর্ণ করে

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii
M ii ও iii N i, ii ও iii

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর [সেট-ক]

বিষয় কোড : I 3 7

সময় : ২৫ মিনিট

রসায়ন বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. কোনটি উত্তেজক পদার্থ?
 K বেনজিন L জাইলিন
 M লঘু অ্যাসিড N পার-অক্সাইড
২. কোনটির ব্যাপনের সময় বেশি?
 K CO₂ L SO₃
 M NO₂ N NH₃
৩. কোন মৌলের প্রতীক ল্যাটিন নাম থেকে নেওয়া হয়েছে?
 K Cu L S
 M Mn N Ni
৪. C₃H₆ যৌগটি—
 i. দ্বি-বন্ধনযুক্ত
 ii. অ্যালকেন অপেক্ষা অধিক সক্রিয়
 iii. পলিথিন তৈরিতে ব্যবহৃত হয়
 নিচের কোনটি সঠিক?
 K i ও ii L i ও iii
 M ii ও iii N i, ii ও iii
৫. কোনটি পানিতে অদ্রবণীয়?
 K Al(OH)₃ L NaOH
 M Ca(OH)₂ N KOH
৬. তেঁতুলে কোন অ্যাসিড থাকে?
 K ল্যাকটিক অ্যাসিড
 L টারটারিক অ্যাসিড
 M সাইট্রিক অ্যাসিড
 N অ্যাসিটিক অ্যাসিড
৭. কোনটির জারণ অসম্ভব?
 K Cu²⁺ L Pb⁺
 M Fe⁺ N Sn²⁺
৮. কোন যৌগে সালফারের সুপ্ত যোজনী শূন্য?
 K SF₆ L SO₂
 M H₂S N CaS
৯. প্রমাণ অবস্থায় 0.1 M হাইড্রোজেন গ্যাসের আয়তন কত?
 K 11.2 L L 2.24 L
 M 1.12 L N 0.224 L
১০. মেডেলিফের পর্যায় সারণিতে কতটি আনুভূমিক সারি ছিল?
 K 7টি L 8টি
 M 12টি N 18টি
১১. কোনটি যুৎসার ধাতু নয়?
 K Rb L Ba
 M Ca N Sr
১২. কোনটির স্ফুটনাঙ্ক বেশি?
 K C₆H₁₂O₆ L C₁₂H₂₂O₁₁
 M C₂H₅OH N NaNO₃
১৩. C₃H₄ যৌগটির সমাণু কোনটি?
 K সাইক্লোপ্রোপেন L সাইক্লোপ্রোপিন
 M প্রোপেন N প্রোপিন
১৪. কোনটি প্রাইমারি স্ট্যান্ডার্ড পদার্থ?
 K KMnO₄ L H₂SO₄
 M NaOH N Na₂CO₃
১৫. পেট্রোলিয়ামে শতকরা কত ভাগ পেট্রোল থাকে?
 K 2 L 5
 M 10 N 13
১৬. CH₂F₂ যৌগে কার্বনের জারণ সংখ্যা কত?
 K 3 L 2
 M 1 N 0
১৭. nd¹⁰ (n + 1)s¹ ইলেকট্রন বিন্যাস মেনে চলে কোনটি?
 K Ni L Cr
 M Mn N Cu
১৮. কোন যৌগে অষ্টক নিয়মের ব্যতিক্রম ঘটে?
 K H₂S L NH₃
 M SF₄ N PCl₃
১৯. কোন যৌগটি কেলাস গঠন করে?
 K C₁₂H₂₂O₁₁ L CH₃OH
 M CH₃CH₂OH N CCl₄
- n উপরের তথ্যের আলোকে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :
 10B, 12C²⁺, 14D (B, C, D প্রদত্ত অর্থে নয়।)
২০. D মৌলটি পর্যায় সারণির কোন শ্রেণিতে অবস্থিত?
 K 12 L 13
 M 14 N 15
২১. উদ্দীপকের তথ্য থেকে পাই—
 i. C²⁺ এর আকার সবচেয়ে ছোটো
 ii. B দ্বি-পরমাণুক গ্যাস
 iii. D কেবলমাত্র সমযোজী যৌগ গঠন করে
 নিচের কোনটি সঠিক?
 K i ও ii L i ও iii
 M ii ও iii N i, ii ও iii
২২. ডেসিমোলার দ্রবণের মোলারিটি কত?
 K 0.01 M L 0.1 M
 M 0.5 M N 1 M
- n উপরের তথ্যের আলোকে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :
 5 g ক্যালসিয়াম ধাতুকে যথেষ্ট পরিমাণ অক্সিজেনের সাথে বিক্রিয়া করা হলো।
২৩. বিক্রিয়ায় কত গ্রাম অক্সিজেন প্রয়োজন হবে?
 K 8 L 4
 M 2 N 1
২৪. উদ্দীপকের বিক্রিয়াটি—
 i. তাপোৎপাদী বিক্রিয়া
 ii. জারণ-বিজারণ বিক্রিয়া
 iii. সংশ্লেষণ বিক্রিয়া
 নিচের কোনটি সঠিক?
 K i ও ii L i ও iii
 M ii ও iii N i, ii ও iii
২৫. Fe আপেক্ষিক পারমাণবিক ভর কত?
 K 26 L 52
 M 56 N 63.5

কুমিল্লা জিলা স্কুল

বিষয় কোড : I 3 7

সময় : ২৫ মিনিট

রসায়ন বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সমীপূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ছিঁহু দেওয়া যাবেনা।]

১. উত্তেজক পদার্থ কোনটি?

K নাইট্রোস অক্সাইড L বেনজিন

M টলুইন N জাইলিন

২. পেটের এসিডিটির জন্য কোনটি দায়ী?

K CH₃COOH L H₂SO₄M HNO₃ N HCl

৩. খ্রিস্টপূর্ব কত অব্দের দিকে ব্রোঞ্জ আবিষ্কার করা হয়?

K ২৫০০ L ৩০০০

M ৩৫০০ N ৩৭০০

৪. কোনটির আন্তঃআণবিক শক্তি বেশি?

K SO₂ L NaClM CO₂ N NO₂

৫. ব্যাপন সংঘটিত হয়—

i. কঠিন বস্তুর

ii. তরল বস্তুর

iii. গ্যাসীয় বস্তুর

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii

M ii ও iii N i, ii ও iii

৬. ব্যাপন হার কম কোনটির?

K SO₂ L NOM Cl₂ N O₂৭. সর্ববহিঃস্থ স্তরের ইলেকট্রন বিন্যাসটি 3s²3p⁶ 3d⁶ কোনটির?K Cu²⁺ L Ca²⁺M Fe²⁺ N K⁺

৮. পরমাণুতে শক্তিস্তর সম্পর্কে ধারণা দেন কে?

K রাদারফোর্ড L নীলস বোর

M নিউটন N ম্যাডেলিফ

৯. অ্যালুমিনিয়ামের ১টি পরমাণুর ভর কত?

K 3.16 × 10⁻²³ gL 4.482 × 10⁻²³ gM 4.482 × 10²³ gN 3.16 × 10⁻²⁴ g১০. ¹⁶O²⁻ সংকেতটিতে—

i. ইলেকট্রন সংখ্যা ৪

ii. প্রোটন সংখ্যা ৪

iii. নিউট্রন সংখ্যা ৪

নিচের কোনটি সঠিক?

K i ও ii L i ও iii

M ii ও iii N i, ii ও iii

n নিচের উদ্দীপকের আলোকে ১১ ও ১২

নং প্রশ্নের উত্তর দাও :

| মৌল | পারমাণবিক সংখ্যা |
|-----|------------------|
| P | 11 |
| Q | 13 |
| R | 15 |
| S | 16 |

(P, Q, R, S প্রতীকী অর্থে ব্যবহৃত)

১১. R মৌল পর্যায় সারণির কোন গ্রুপে

অবস্থিত?

K 14 L 15

M 16 N 17

১২. কোনটির ইলেকট্রন আসক্তি বেশি?

K S L R

M Q N P

১৩. পর্যায় সারণিতে 17 গ্রুপে কতটি মৌল

আছে?

K ৭টি L ৬টি

M ৫টি N ৪টি

১৪. H₂O অণুতে কতটি মুক্তজোড় ইলেকট্রন

আছে?

K ৪টি L ৩টি

M ২টি N ১টি

১৫. সমযোজী যৌগ অণু কোনটি?

K NH₃ L N₂M H₂ N O₂

১৬. কোনটি পানিতে অদ্রবণীয়?

K CH₃OH L CaCl₂M CH₄ N C₂H₅OH১৭. 1টি H₂SO₄ অণুর ভর কত?K 16.27 × 10⁻²³ gL 1.627 × 10⁻²³ gM 0.277 × 10⁻²³ gN 27.7 × 10⁻²³ g

১৮. সেমিমোলার দ্রবণের মোলারিটি কত?

K 0.01 L 0.5

M 0.02 N 0.2

১৯. 125 ml 0.05 মোলার পটাশিয়াম কার্ব

নট দ্রবণ প্রস্তুত করতে কী পরিমাণ

লবণ লাগবে?

K 8.625 g L 86.25 g

M 0.863 g N 0.826 g

n নিচের উদ্দীপক থেকে ২০ ও ২১ নং

প্রশ্নের উত্তর দাও :

একটি হাইড্রোকার্বনে কার্বন 85.71%।

২০. যৌগটির স্থূল সংকেত হলো—

K C₂H₃ L C₃H₅M C₂H₅ N CH₂

২১. উদ্দীপকের হাইড্রোকার্বনের আণবিক ভর

42। এর আণবিক সংকেত কত?

K C₃H₆ L C₂H₆M C₃H₄ N C₃H₈

২২. পটাশিয়াম ডাইক্রোমেটে ক্রোমিয়ামের

জারণ সংখ্যা কত?

K +3 L +5

M +6 N +7

২৩. নিচের কোনটি জারক ও বিজারক রূপে

কাজ করে?

K Na L Cl

M Fe³⁺ N Sn²⁺

২৪. পেট্রোলিয়ামে শতকরা কত ভাগ ন্যাপথা

থাকে?

K 2 L 10

M 13 N 14

২৫. C_nH_{2n} যৌগটি একটি—

i. অসম্পৃক্ত হাইড্রোকার্বন

ii. যুত বিক্রিয়া দেয়

iii. প্রতিস্থাপন বিক্রিয়া দেয়

নিচের কোনটি সঠিক?

K শুধু i L শুধু ii

M i ও ii N i, ii ও iii

ইম্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা

বিষয় কোড : I 3 7

সময় : ২৫ মিনিট

রসায়ন বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সমীপূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ছিঁহু দেওয়া যাবে না।]

১. কোনটি অসম্পূর্ণ বদ্ধশিকল যৌগ—



২. কোনটির ব্যাপন সময় বেশি?

৩. (n - 1)d⁷ ns² ইলেকট্রন বিন্যাসে n = 4


হলে মৌলটি—

৪. BeCl₂ এর কেন্দ্রীয় পরমাণুর সর্বশেষ শক্তিস্তরে ইলেকট্রন জোড় সংখ্যা কত?

n নিচের উদ্দীপকের আলোকে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :

নাইট্রোজেনের অক্সাইডে 21 g
নাইট্রোজেন এবং 36 g অক্সিজেন
বিদ্যমান। উক্ত ভরের নাইট্রোজেনকে 4g
হাইড্রোজেনের এর সাথে বিক্রিয়া করালে
অ্যামোনিয়া উৎপন্ন হয়।

৫. উদ্দীপকের অক্সাইডটির স্থূল সংকেত—

৬. উদ্দীপকের বিক্রিয়ায় কত গ্রাম NH₃ উৎপন্ন হবে?

৭. কোনটির আন্তঃআণবিক শক্তি বেশি?



৮. কোনটির তড়িৎ ঋণাত্মকতা সবচেয়ে বেশি?



৯. ব্রোঞ্জ কোন দুটি ধাতুর সংকর?




১০. নিচের কোনটির পারমাণবিক ব্যাসার্ধ


সবচেয়ে কম?



১১. ইউরিয়া সারের গলনাঙ্ক কত?




১২. Fe এর একটি পরমাণুর ভর কত?




n নিচের উদ্দীপকের আলোকে ১৩ ও ১৪

নং প্রশ্নের উত্তর দাও :



১৩. N যৌগটির নাম কী?



১৪. উদ্দীপকের M যৌগটি—

- সংযোজন বিক্রিয়া দেয়
- প্লাস্টিক তৈরিতে ব্যবহৃত হয়
- N অপেক্ষা অধিক সক্রিয়

নিচের কোনটি সঠিক?


১৫. KClO₃ → KCl + O₂; বিক্রিয়াটিতে

